গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা -১ শাখা।
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.৩৮৬.২০১৭-৪০৭

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩২ / ০১ জুলাই ২০২৫

বিষয়: এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন "যশোর অঞ্চল গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "যশোর অঞ্চল গ্রামীণ অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্পটি সম্পূণ জিওবি অর্থায়নে মোট ৯৫২.২৫ কোটি (নয়শত বায়ান্ন কোটি পঁচিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৮ হতে জুন ২০২৩ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১১/১০/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে মোট ৯৫২.২৫ কোটি (নয়শত বায়ান্ন কোট পঁচিশ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৮ হতে জুন ২০২৪ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক গত ৩১/০৫/২০২২ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০১ বছর অর্থাৎ জুন ২০২৫ পর্যন্ত নির্ধারণ করা হয়। সর্বশেষ প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি গত ২৬/১১/২০২৪ খ্রি. তারিখে মাননীয় পরিকল্পনা উপদেষ্টা মহোদয়ে কর্তৃক অনুমোদিত হয়। মে ২০২৫ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৯৪.০৩% এবং আর্থিক অগ্রগতি ৮৫২.৬৭ কোটি টাকা (৮৯.৫৪%)।

০২। বর্তমানে প্রকল্পের মাঠ পর্যায়ে চলমান ৫টি ব্রীজের কার্যক্রম হাইকোর্ট ডিভিশনের রিট পিটিশন নং-১৩১৬০/২০২৩ মামলা জনিত কারনে মহামান্য আদালত কর্তৃক নিষেধাজ্ঞা থাকায় ঠিকাদারের অনুকূলে কৃত কাজের বিল পরিশোধ করা সম্ভব হচ্ছে না। ধারণা করা হয়েছিল জুন ২০২৫ খ্রিঃ মাসের মধ্যে মামলাটি নিষ্পত্তি হবে কিন্তু খোজ নিয়ে জানা যায় যে, মামলাটি নিষ্পত্তির কোন অগ্রগতি না থাকায় এবং যশোর অঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র ও ল্যাব ভবন নির্মাণ কাজসহ বেশ কিছু সড়ক উন্নয়ন কাজ পরিবর্তিত পরিস্থিতির প্রেক্ষিতে যথা সময়ে সমাপ্ত না হওয়ায় প্রকল্পের সার্বিক কার্যক্রম সমাপ্ত করণের লক্ষ্যে প্রকল্পের মেয়াদ ১ (এক) বৎসর অর্থাৎ জুন ২০২৬ খ্রিঃ পর্যন্ত বৃদ্ধি করা প্রয়োজন করা প্রয়োজন।

৩। এমতাবস্থায়, এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন "যশোর অঞ্চল গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ জুলাই ২০১৮ হতে জুন ২০২৫ এর পরিবর্তে জুলাই ২০১৮ হতে জুন ২০২৬ পর্যন্ত বৃদ্ধির পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ পূরণকৃত মেয়াদ বৃদ্ধির নির্ধারিত ছক ০১ (এক) প্রস্থ।

০১/০৭/২০২৫

(মোঃ রবিউল ইসলাম)
উপসচিব
ফোন: ৫৫১০১৩২৮
ই-মেইল: lgplan1@lgd.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়):

১। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
(দৃঃ আঃ মহাপরিচালক, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সেক্টর)

২। সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
২। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৫। মহাপরিচালক (পমূপ), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা